যুগান্তর

তারিখ 10 JUN 2016
পৃষ্ঠা ... কলাম ...

# বাকৃবিতে কর্মচারীর মাথা কেটে নেয়ার হুমকি প্রভোস্টের

বাকৃবি প্রতিনিধি

বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের (বাকৃবি) আবাসিক শহীদ জামাল হোসেন হলের প্রভোস্টের অত্যাচারে অতিষ্ট ওই হলের শিক্ষার্থী, কর্মকর্তা ও কর্মচারীরা। বৃহস্পতিবার বিশ্ববিদ্যালয়ের অন্যত্র দায়িত্বের জন্য রেজিস্ট্রার বরাবর এক লিখিত অভিযোগ দাখিল করে ওই হলের কর্মচারীরা। লিখিত অভিযোগ থেকে জানা যায়, মঙ্গলবার শহীদ জামাল হোসেন হলের গেটের নিরাপত্তাকর্মী মো. আসাদুল হক বাবুকে হলের গেটে না পেয়ে অকথ্য ভাষায় গালিগালাজসহ তার মাথা কেটে নেয়ার হুমকি দেন ওই হলের প্রভোস্ট অধ্যাপক ড. মো. হাসানুজ্জামান তালুকদার। এতে ক্ষুব্ধ হয়ে ওই হলের কর্মচারীরা কর্মবিরতি পালন করে আসছেন। এছাড়া হলের নানা সমস্যায় তাকে (প্রভোস্ট) সময়মতো পাওয়া যায় না বলে অভিযোগ করেন ওই হলের শিক্ষার্থীরা। হলের কর্মচারীদের ওপর মানসিক নির্যাতন করা হচ্ছে দাবি করে মো. আসাদুল হক বাবু বলেন, ওই সময় আমার সহকর্মী সোহেল রানাকে হলের গেটে রেখে এক শিক্ষার্থীর প্রয়োজনে হলের লাইব্রেরির পাশে অবস্থান করেছিলাম।